গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রংপুর বিভাগ, রংপুর।
(সাধারণ শাখা)
www. rangpurdiv.gov.bd

# সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)বাস্তবায়নে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ১ম সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: সাবিরুল ইসলাম<br>বিভাগীয় কমিশনার<br>রংপুর বিভাগ, রংপুর |
| সভার তারিখ | : | ১৯ ডিসেম্বর, ২০২২ খ্রি. |
| সময় | : | বেলা ১.০০ টা |
| স্থান | : | বিভাগীয় কমিশনার, রংপুর এর সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট ''ক" (স্বাক্ষরের ক্রমানুসারে)। |

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি উপস্থিত সকল কর্মকর্তা এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তাদের সেবা প্রদান প্রতিশ্রুতি সর্ম্পকিত বিভিন্ন দিক ধারনা প্রদান করেন। সভাপতি জানান এ কার্যালয়ের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অংশ হিসেবে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার ১.৩ কার্যক্রম অংশে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজনের বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। সভাপতি আওতাধীন অফিসের সেবাসমূহকে নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবা এই তিন ভাগে বিভক্ত করে সেবা প্রদান প্রতিশ্রুতির নির্ধারিত ফরমেটে ০৮ কলামে প্রস্তুতপূর্বক সেবাসমূহের বাস্তবায়ন কার্যক্রম গ্রহণ, ওয়েবসাইটে হালনাগাদকরণ এবং প্রতিটি কাজ নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পন্ন করে সূচকের প্রমাণকসমূহ ত্রৈমাসিক ভিত্তিতে এ কার্যালয়ে প্রেরণের অনুরোধ করেন। সভায় আওতাধীন অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতির ত্রুটিসমূহ তুলে ধরা হয়। এ বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ | আওতাধীন জেলা প্রশাসকের কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ বিষয়ে আলোচনা করা হয়। সভায় অবহিত করা হয় যে, এ বিভাগের সকল জেলা প্রশাসকের কার্যালয়ের ওয়েবসাইটের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সেবা বক্স পরিবীক্ষণ করে দেখা যায় যে, সেবাসমূহকে নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীন সেবা হিসেবে তিনভাগে প্রস্তুত করে নির্ধারিত ফরমেটে আপলোড করতে হবে। অধিকাংশ জেলা প্রশাসকের কার্যালয়ের ওয়েব পোর্টালে শাখাভিত্তিক সেবা প্রদান প্রতিশ্রুতি আপলোড করা হয়েছে। তবে এ বিভাগের পঞ্চগড় জেলায় সেবা প্রদান প্রতিশ্রুতি ( সিটিজেন চার্টার) ওয়েবপোর্টালে আপলোড করা নেই। যা ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদপূর্বক ওয়েব সাইটের নির্ধারিত সেবা বক্সে আপলোড করা প্রয়োজন। | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রতিটি জেলা প্রশাসকের কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতিকে নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীন সেবা হিসেবে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদপূর্বক ওয়েব সাইটে সংশ্লিষ্ট সেবা বক্সে আপলোড করতে হবে। | জেলা প্রশাসক (সকল) রংপুর বিভাগ |

Rahul Chonda

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি গঠন | সদস্য সচিব সভাকে জানান, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন ও সভার সিদ্ধান্ত বাস্তবায়ন কার্যক্রম অন্তর্ভুক্ত রয়েছে। এ বিভাগের সকল জেলা প্রশাসকের কার্যালয়ের ওয়েবসাইট পরিবীক্ষণ করা হয়েছে। পরিবীক্ষণে এ বিভাগের রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, দিনাজপুর, ঠাকুরগাঁও এবং পঞ্চগড় জেলায় পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করে ওয়েবসাইটে আপলোড করা নাই। সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি ত্রৈমাসিক ভিত্তিতে পুনর্গঠন ওনিয়মিত পরিবীক্ষণ কমিটির সভা আয়োজনের অনুরোধ করেন। | ১। প্রতিটি জেলা প্রশাসকের কার্যালয়ে সেবা প্রদান সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করে আগামী ১০ দিনের মধ্যে ওয়েবসাইটে আপলোড করতে হবে।<br><br>২। ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুত সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা করতে হবে।<br><br>৩। পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্তের বাস্তবায়ন প্রতিবেদন নিয়মিত এ কার্যালযে প্রেরণ করতে হবে। | জেলা প্রশাসক (সকল) রংপুর বিভাগ, রংপুর। |
| ০৩ | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/ সেমিনার আয়োজন | সভাপতি এ বিভাগের সকল জেলা প্রশাসকের কার্যালয়ের ২০২২-২৩ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার ২.১ অংশে ষান্মাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজনের বিষয় অন্তর্ভুক্ত রয়েছে। সভায় কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজনের বিষয়ে আলোচনা হয়। | ত্রৈমাসিক ভিত্তিতে এ বিভাগের সকল জেলায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা প্রশাসক (সকল) রংপুর বিভাগ, রংপুর। |
| ০৪. | সেবা প্রদান প্রতিশ্রুতির ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ | সভাপতি এ বিভাগের আওতাধীন অফিসের ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ বিষয়ে সভায় আলোচনা করেন। সদস্য সচিব জানান, জেলা প্রশাসকের কার্যালয়ের ওয়েবসাইট পরিবীক্ষণে দেখা যায় যে,<br><br>১) রংপুর জেলা প্রশাসকের কার্যালয়ের ওয়েবসাইটে ফোকাল পয়েন্ট কর্মকর্তার ছবিসহ আপলোড রয়েছে। কিন্তু অফিস আদেশ আপলোড নেই।<br><br>গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, দিনাজপুর, ঠাকুরগাঁও, ও পঞ্চগড় জেলা প্রশাসকের কার্যালয়ের ওয়েবসাইটে ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার ছবিসহ তথ্য ও নিয়োগ সংক্রান্ত অফিস আদেশ ওয়েব সাইটের নির্দিষ্ট সেবাবক্সে আপলোড নেই। তিনি নির্দিষ্ট সেবা বক্সে ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার ছবিসহ তথ্য আপলোডের অনুরোধ করেন। | প্রতিটি জেলা প্রশাসকের কার্যালয়ের ওয়েবসাইটে ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার ছবিসহ তথ্য ও নিয়োগ সংক্রান্ত অফিস আদেশ ওয়েব সাইটের নির্দিষ্ট সেবাবক্সে আপলোড করতে হবে। | জেলা প্রশাসক (সকল) রংপুর বিভাগ, রংপুর। |

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মো: সাবিরুল ইসলাম
**বিভাগীয় কমিশনার**
রংপুর বিভাগ, রংপুর
ফোন নং- ০২৫৮৮৮১২০০১ (অফিস)
ইমেইলঃdivcomrrangpur@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.০০০০.০০৫.০২.০০৭.১৮- ৭৫৮

তারিখ: ১৪ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ / ২৯ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ।

অনুলিপি সদয় অবগতির জন্য:

১। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
২। জেলা প্রশাসক (সকল), রংপুর বিভাগ, রংপুর।
৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৪। বিভাগীয় কমিশনার মহোদয়ের একান্ত সচিব, রংপুর বিভাগ, রংপুর ( বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থেঃ

৫। ....................................................................
....................................................................
....................................................................

Rahul Chanda
২৯/১২/২২

(রাহুল চন্দ)
সিনিয়র সহকারী কমিশনার
আইসিটি শাখা
বিভাগীয় কমিশনারের কার্যালয়,রংপুর।
ফোন- ০২৫৮৮৮১২০০৭ (অফিস)